গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭৫/২০১৯-২০২০

ঢাকা, ৭ অক্টোবর বোবার ২০১৯, ২২ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ভারত সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। সোনিয়া গান্ধীর সঙ্গে কুশল বিনিময় করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
বাংলাদেশ সফরের আমন্ত্রণ
৩। শেখ হাসিনা আমার অনুপ্রেরণা : প্রিয়াঙ্কা গান্ধী
৪। ফেনী নদী থেকে সামান্য পানি যাবে ত্রিপুরায় : পানিসম্পদ মন্ত্রণালয়ের ভাষ্য
৫। দুর্নীতির চক্র ভেঙে না দেওয়া পর্যন্ত অভিযান চলবে : সেতুমন্ত্রী
৬। দুর্বৃত্তায়নের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে : কৃষিমন্ত্রী
৭। সব ধর্মের মানুষের মিলিত প্রচেষ্টায় স্বপ্নের দেশ গড়ব : পূজামণ্ডপ পরিদর্শনকালে তথ্যমন্ত্রী
৮। ব্যবসা-বাণিজ্যের আন্তর্জাতিক সূচকেও বাংলাদেশের চমক : অর্থমন্ত্রী
৯। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১০। বিশ্ব শিশু দিবস ও বিশ্ব বসতি দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
১১। বিসিকের ফাইলের কাজ সাত দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ শিল্প প্রতিমন্ত্রীর
১২। আগামী ৯ থেকে ৩০ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ
১৩। আবুজা আন্তর্জাতিক বাণিজ্যমেলায় সেরা বিদেশি অংশগ্রহণকারীর পুরস্কার পেয়েছে বাংলাদেশ

চলমান পাতা-২

১। **ভারত সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

ভারতের চার দিনের সফর শেষে নয়াদিল্লি থেকে ঢাকায় ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ( ৬ অক্টোবর রোববার) ভারতের স্থানীয় সময় রাত আটটায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইটে দিল্লির পালাম বিমান ঘাঁটি থেকে সফরসঙ্গীদের নিয়ে রওনা হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানটি রাত সাড়ে ১০টার দিকে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

২। **সোনিয়া গান্ধীর সঙ্গে কুশল বিনিময় করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**
**বাংলাদেশ সফরের আমন্ত্রণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের ন্যাশনাল কংগ্রেস পার্টির সভাপতি সোনিয়া গান্ধীর সঙ্গে কুশল বিনিময় করেছেন। ভারতের নয়াদিল্লির হোটেল তাজে গতকাল (৬ অক্টোবর রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে আসেন সোনিয়া গান্ধী। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্যাপনে আগামী বছর সোনিয়া গান্ধী ও তার পরিবারের সদস্যদের বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী। এ সময় দুই নেত্রী তাদের পুরনো দিনের কথা স্মরণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারতের অবদানের কথা বিশেষভাবে স্মরণ করেন। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৩। **শেখ হাসিনা আমার অনুপ্রেরণা : প্রিয়াঙ্কা গান্ধী**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আলিঙ্গন করে উচ্ছ্বসিত ভারতের জাতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী। গতকাল (৬ অক্টোবর রোববার) কংগ্রেস সভাপতি সোনিয়া গান্ধীর নেতৃত্বে দলটির নেতারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে নয়াদিল্লির হোটেল তাজে সৌজন্য সাক্ষাৎ করেন। আলোচনার ফাঁকেই প্রিয়াঙ্কা গান্ধী ও শেখ হাসিনা পরস্পরকে জড়িয়ে ধরেন। সেই ছবি টুইট করে নিজের উচ্ছ্বাসের কথা জানান প্রিয়াঙ্কা। টুইটে তিনি বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে প্রতীক্ষিত আলিঙ্গন পেলাম। দীর্ঘদিন ধরে তাঁর সঙ্গে আবারও সাক্ষাতের জন্য অপেক্ষায় ছিলাম। অপূরণীয় ব্যক্তিগত ক্ষতি, কষ্ট সামলে এগিয়ে চলে তাঁর অমিত শক্তি, সাহস অধ্যবসায়ের সঙ্গে লড়াইয়ের জন্য তিনি সব সময় আমার কাছে বড়ো অনুপ্রেরণা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

৪। **ফেনী নদী থেকে সামান্য পানি যাবে ত্রিপুরায় : পানিসম্পদ মন্ত্রণালয়ের ভাষ্য**

পানিসম্পদ মন্ত্রণালয় গতকাল (৬ অক্টোবর রোববার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, ফেনী নদী থেকে ভারত যে পরিমাণ পানি নেবে, তার পরিমাণ খুব সামান্য এবং তা শুষ্ক মৌসুমের গড় পানিপ্রবাহের মাত্র শূন্য দশমিক ২৩ শতাংশ। এতে আরও বলা হয়, ত্রিপুরার মানুষের পান করার জন্য মানবিকতা ও প্রতিবেশীসুলভতাকে বিবেচনা করে পানি দেওয়ার বিষয়ে সায় দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর ভারত সফরে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় ফেনী নদীর ১ দশমিক ৮২ কিউসেক পানি প্রত্যাহার করতে পারবে ভারত। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৭)।

৫। **দুর্নীতির চক্র ভেঙে না দেওয়া পর্যন্ত অভিযান চলবে : সেতুমন্ত্রী**

দুর্নীতির চক্র ভেঙে না দেওয়া পর্যন্ত অভিযান চলবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন, সম্রাটকে গ্রেফতার করা হয়েছে। এ অভিযান চলছে, চলবে। এটা কোনো দল, ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযান নয়। যারা দুর্নীতি ও দুর্বৃত্তায়নের সঙ্গে জড়িত, তারা কেউ ছাড় পাবে না। গতকাল (৬ অক্টোবর রোববার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে 'কর্মদক্ষতা বৃদ্ধিতে সামাজিক যোগাযোগ মাধ্যম' শীর্ষক কর্মশালা উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৬। **দুর্বৃত্তায়নের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জঙ্গি দমন করেছেন। বিদ্যুৎ সমস্যার সমাধান করেছেন। সর্বক্ষেত্রে দেশের উন্নয়ন এখন দৃশ্যমান। তার নির্দেশেই দেশের আইনশৃঙ্খলা বাহিনী দেশব্যাপী অভিযান চালাচ্ছে। দেশে'র দুর্বৃত্তায়নের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে। কৃষিমন্ত্রী গতকাল ( ৬ অক্টোবর রোববার) দিনব্যাপী টাঙ্গাইলের মধুপুর পৌরসভার ৩টি ওয়ার্ডে ৯ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১২ কিমি রাস্তার উদ্বোধন ও পূজামণ্ডপ পরিদর্শন অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৬,ক.৬)।

**৭। সব ধর্মের মানুষের মিলিত প্রচেষ্টায় স্বপ্নের দেশ গড়ব : পূজামন্ডপ পরিদর্শনকালে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ গতকাল (৬ অক্টোবর রোববার) রাজধানীর ধানমন্ডি সর্বজনীন পূজা কমিটি আয়োজিত কলাবাগান পূজামণ্ডপ পরিদর্শন শেষে বলেছেন, সব ধর্মের মানুষের মিলিত প্রচেষ্টায় স্বপ্নের দেশ গড়ব। হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টানসহ সব ধর্মের মানুষের মিলিত রক্তস্রোতে অর্জিত আমাদের লাল-সবুজের পতাকা অসাম্প্রদায়িকতার অনন্য প্রতীক। সাম্প্রদায়িক রাষ্ট্রব্যবস্থার শিকল ভেঙে প্রতিষ্ঠা করেছি অসাম্প্রদায়িক বাংলাদেশ। তাই এ দেশ সবার। সবাই মিলেই দেশকে স্বপ্নের ঠিকানাতেই শুধু পৌঁছাব না, সেই ঠিকানা অতিক্রম করে যাব। তথ্যমন্ত্রী জানান, ২০০৮ সালে দেশে পূজামণ্ডপ ছিল প্রায় ১১ হাজার। এখন তা ৩১ হাজারেরও বেশি। এ বৃদ্ধির কারণ, নিজ ধর্ম পালনে পূর্ণ স্বাধীনতা, অর্থনৈতিক সামর্থ্য বৃদ্ধি ও নিরাপত্তাবোধের স্বস্তি। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**৮। ব্যবসা-বাণিজ্যের আন্তর্জাতিক সূচকেও বাংলাদেশের চমক : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে চলেছে, এগিয়ে যাবে। বেশ কয়েক বছর ধরে সার্বিক সূচকে সাফল্যের শিখরে থাকা বাংলাদেশ এবার চমক দেখাচ্ছে ব্যবসা-বাণিজ্যের আন্তর্জাতিক সূচকেও। নানা প্রতিবন্ধকতায় ব্যবসা-বাণিজ্যের বিশ্ব সূচকে বাংলাদেশের এতদিনের দুর্বল অবস্থান পাল্টে গেছে। সরকারের নানা উদ্যোগ ও বিনিয়োগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো সংস্কারের ফলে বিশ্বব্যাংকের 'ডুয়িং বিজনেস রিপোর্ট ২০২০'-এ তালিকায় সবচেয়ে অগ্রগতি অর্জনকারী ২০ দেশের মধ্যে রয়েছে বাংলাদেশ। মন্ত্রী গতকাল (৬ অক্টোবর রোববার) কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলার বিভিন্ন ইউনিয়নে গণসংযোগকালে পথসভায় বক্তব্যে এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.১), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।

**৯। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, সার্বিকভাবে বাংলাদেশে জন্ম নিবন্ধনের হার প্রায় শতভাগ হলেও শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধনের হার এখনও সন্তোষজনক নয়। অথচ বিশ্বের উন্নত দেশসমূহে শিশুর জন্মের সঙ্গে সঙ্গেই জন্মনিবন্ধন করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুযায়ী আমাদের দেশেও শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে নিবন্ধন ১০০ শতাংশ করতে হবে। গতকাল (৬ অক্টোবর রোববার) রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের অডিটোরিয়ামে স্থানীয় সরকার বিভাগের অধীন জন্ম ও মৃত্যু নিবন্ধন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় আয়োজিত 'জাতীয় জন্ম নিবন্ধন দিবস-২০১৯' উপলক্ষে আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**১০। বিশ্ব শিশু দিবস ও বিশ্ব বসতি দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

শিশুর পরিপূর্ণ বিকাশ ও অধিকার নিশ্চিত করতে আজ (৭ অক্টোবর সোমবার) পালিত হবে বিশ্ব শিশু দিবস আজ একই সঙ্গে শুরু হচ্ছে ও শিশু অধিকার সপ্তাহ ২০১৯। এবারের প্রতিপাদ্য 'আজকের শিশু আনবে আলো, বিশ্বটাকে রাখবে ভালো'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। শিশু অধিকার সপ্তাহ এ উপলক্ষে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমি ১৪ অক্টোবর পর্যন্ত সপ্তাহব্যাপী সারাদেশে নানা কর্মসূচি পালন করবে। সূত্র **: সমকাল** (পৃ.৪,ক.৩),

বিশ্ব বসতি দিবস আজ (৭ অক্টোবর সোমবার)। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও গুরুত্বের সঙ্গে দিবসটি পালন করা হচ্ছে। 'বর্জ্যকে সম্পদে রূপান্তরিত করার উদ্ভাবনী কৌশল হিসেবে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার' প্রতিপাদ্যে দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**১১। বিসিকের ফাইলের কাজ সাত দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ শিল্প প্রতিমন্ত্রীর**

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) সব পর্যায়ের জমে থাকা ফাইলের কাজ সাত দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার। একইসঙ্গে তিনি শিল্পোদ্যোক্তাদের অযথা হয়রানি না করতেও কর্মকর্তাদের সতর্ক করে দেন। রাজধানীর উত্তরায় বিসিক প্রশিক্ষণ কেন্দ্রে গতকাল (৬ অক্টোবর রোববার) সংস্থার বার্ষিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে এসব নির্দেশনা দেন শিল্প প্রতিমন্ত্রী। শিল্প প্রতিমন্ত্রী বলেন, শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তরে দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। একইসঙ্গে তিনি মাঠ পর্যায়ে ভালো কাজের জন্য কর্মকর্তাদের বিশেষ প্রণোদনার ব্যবস্থা নেওয়ার কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**১২। আগামী ৯ থেকে ৩০ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ**

আগামী ৯ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ ধরা ও বিক্রয় নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল ( ৬ অক্টোবর রোববার) এক তথ্য বিবরণীতে জানানো হয়েছে, ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০১৯' উপলক্ষে ইলিশের প্রধান প্রজনন মৌসুম ৯ থেকে ৩০ অক্টোবর মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**১৩। আবুজা আন্তর্জাতিক বাণিজ্যমেলায় সেরা বিদেশি অংশগ্রহণকারীর পুরস্কার পেয়েছে বাংলাদেশ**

নাইজিরিয়ায় 'আবুজা আন্তর্জাতিক বাণিজ্যমেলায়' সেরা বিদেশি অংশগ্রহণকারী দেশ হিসেবে পুরস্কার পেয়েছে বাংলাদেশ। ২১ সেপ্টেম্বর শুরু হয়ে ২ অক্টোবর পর্যন্ত চলা এ মেলার ১২তম বার্ষিক আয়োজনে বাংলাদেশ হাইকমিশন অংশ নেয়। মেলার সমাপনী দিনে আয়োজক প্রতিষ্ঠান 'আবুজা চেম্বার অভ্ কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি থেকে 'সেরা বিদেশি অংশগ্রহণকারী দেশ' এর পদক ও সনদ নেন বাংলাদেশের হাইকমিশনার শামীম আহসান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের মোট জনসংখ্যার চাইতে ৬৪ লাখ বেশি জন্মনিবন্ধন হয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে জন্মনিবন্ধন কার্যক্রমের এ ধরনের অবস্থা নিরসনে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** বিশ্ববিদ্যালয়ের ১৫টি লিফট কেনার কাজে চলতি মাসে একসঙ্গে সুইজারল্যান্ড ও স্পেনে যাচ্ছেন ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আটজন শিক্ষক ও কর্মকর্তা উল্লেখ করে সরকারি অর্থের এ ধরনের অপচয় বন্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** দুই কোটির বেশি জনসংখ্যা অধ্যুষিত রাজধানী  ঢাকায় খেলাধুলার মাঠ প্রায় নেই এবং পার্ক হিসেবে যেটুকু অবশিষ্ট আছে সেটুকুরও মরণদশা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** গত সেপ্টেম্বর মাসে ৫৩ হাজারেরও বেশি শ্রমিকের বিদেশে কর্মসংস্থান হয়েছে উল্লেখ করে এ ইতিবাচক ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর** : আইসিডিডিআর'বি ও যুক্তরাষ্ট্রের স্টানফোর্ড বিশ্ববিদ্যালয়ের যৌথ গবেষণায় খাদ্যে ব্যবহৃত হলুদে বিষাক্ত সিসা পাওয়ার তথ্য উঠে এসেছে উল্লেখ করে আইনের সর্বোচ্চ প্রয়োগ ঘটিয়ে এবং সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচি গ্রহণের মাধ্যমে হলুদসহ প্রচলিত খাদ্যেপণ্যে ভেজাল ও রাসায়নিক প্রয়োগের বিস্তার রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** একটু বৃষ্টিতেই রাজধানীতে জলাবদ্ধতা সৃষ্টি হয় উল্লেখ করে এ অবস্থা নিরসনে স্থায়ী ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি স্বাধীন রাষ্ট্রে আইনের কল্যাণমুখী ব্যবহার স্বাধীনতার সার্থকতা বয়ে আনে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সন্তানের হাতে মোবাইল ফোন নয়, বই তুলে দিন '** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, নিয়মিত বই পড়ার অভ্যাস করলে ব্রেনের কর্মক্ষমতা বাড়তে শুরু করে, তাই সন্তানের হাতে মোবাইল দেওয়ার আগে বই তুলে দেওয়ার জন্য অভিভাবকদের পরামর্শ দেয়া হয়েছে।

#

শাম্মী/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা